

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

(প্রশাসন শাখা)

www.supremecourt.gov.bd



বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং- ২৩৪ এ,

তারিখ : ০১ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
১৬ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীগণের কোভিড-১৯ এর ভ্যাকসিন গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের যে সকল কর্মকর্তা ও কর্মচারী এখনও কোভিড-১৯ এর ভ্যাকসিন গ্রহণ করেননি তাদেরকে নিবন্ধন সম্পন্ন করে আগামী ৩১/০৭/২০২১খ্রি. এর মধ্যে কোভিড-১৯ এর ভ্যাকসিন গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

০২। বাংলাদেশ সুপ্রীম কোর্টের সকল কর্মকর্তা/কর্মচারী ভ্যাকসিন গ্রহণ সম্পর্কিত টিকা কার্ড/টিকা সনদ আগামী ০১/০৮/২০২১খ্রি. হতে ০৮/০৮/২০২১খ্রি. এর মধ্যে সংশ্লিষ্ট শাখার সুপারিনটেনডেন্ট এবং বেঞ্চ অফিসারের মাধ্যমে সহকারী রেজিস্ট্রার (প্রশাসন) এর দপ্তরে প্রেরণ করবেন।

০৩। উক্ত সময়ের মধ্যে যুক্তিসঙ্গত কারণ ব্যতিত ভ্যাকসিন গ্রহণ না করলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাঃ/-

(মোঃ আলী আকবর)

রেজিস্ট্রার জেনারেল

ফোনঃ ৯৫৬২৭৮৫


ই-মেইল rg@supremecourt.gov.bd

স্মারক নং- ৩৭৯২

তারিখ : ০১ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
১৬ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল, ঢাকা।
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৪. সভাপতি/সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
৫. অতিরিক্ত রেজিস্ট্রার/স্পেশাল অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা.....(সকল)।
৬. ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা.....(সকল)।
৭. সহকারী রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা.....(সকল)।
৮. প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১০. বেঞ্চ অফিসার/বেঞ্চ রীডার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা (মাননীয় বিচারপতি মহোদয়ের সাথে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের অবগত করার অনুরোধ করা হলো)।
১১. সিনিয়র সুপারিনটেনডেন্ট/সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
১২. ব্যক্তিগত কর্মকর্তা টু মাননীয় বিচারপতি (সকল)। (সকল মাননীয় বিচারপতি মহোদয়গণকে অবগত করানোর অনুরোধ করা হলো)।



(কাজী আরাফাত উদ্দীন)

সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)

হাইকোর্ট বিভাগ